



বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি
BANGLADESH RED CRESCENT SOCIETY



৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা-১২১৭, বাংলাদেশ। ফোনঃ পিএবিএক্স : ৯৩৩০১৮৮-৯, ৮৩১৪৭০১, ৮৩১৯৩৬৬, ৯৩৫০৩৯৯, ফ্যাক্স : ০২-৮৩১১৯০৮ ও ৯৩৫২৩০৩, ই-মেইল: bdracs@bangla.net
684-686, BARA MAGHBAZAR, DHAKA-1217, BANGLADESH. Tel : PABX: 9330188-9, 8314701, 8319366, 9350399, FAX: 02-8311908 & 9352303, E-mail : bdracs@bangla.net

প্রেস রিলিজ

১৬ ডিসেম্বর ২০১৮

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে ৪৮তম বিজয় দিবস উদযাপিত

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে নানা আয়োজনের মধ্যে দিয়ে উদযাপিত হয়েছে ৪৮তম মহান বিজয় দিবস। আয়োজনের মধ্যে ছিলো, জাতীয় ও রেড ক্রিসেন্ট পতাকা উত্তোলন, জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ ও স্বেচ্ছায় রক্ত সংগ্রহ কার্যক্রম।

এ উপলক্ষে আজ রবিবার সকাল সাড়ে ৭ টায় সোসাইটির জাতীয় সদর দপ্তরে জাতীয় এবং রেড ক্রিসেন্ট পতাকা উত্তোলন করা হয়। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মাননীয় ড্রেজারার এ্যাডভোকেট তৌহিদুর রহমান জাতীয় পতাকা ও সোসাইটির মহাসচিব মো: ফিরোজ সালাহ উদ্দিন রেড ক্রিসেন্ট পতাকা উত্তোলন করেন। এসময় বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ম্যানেজিং বোর্ডের সম্মানিত সদস্য জনাব লুৎফুর রহমান চৌধুরী হেলাল, মিজ রাজিয়া সুলতানা লুনা, সোসাইটির উপমহাসচিব মো: রফিকুল ইসলামসহ বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

এরপর সকাল ১০ টার দিকে সোসাইটির মহাসচিবের নেতৃত্বে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এসময় সোসাইটির উপমহাসচিব, বিভিন্ন বিভাগের দায়িত্বরত পরিচালকসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী এবং যুব স্বেচ্ছাসেবকবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও বিজয় দিবস উপলক্ষে রাজধানীর ৪ টি পয়েন্টে স্বেচ্ছায় রক্ত সংগ্রহ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

খঃ এনায়েতুল্লাহ একরাম পলাশ
সহকারী পরিচালক
আন্তর্জাতিক সম্পর্ক ও যোগাযোগ বিভাগ
মোবাঃ ০১৭১৬৭৬০৫৯৯

ক্যাপশন :

ছবি - ০১ : বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মগবাজারস্থ জাতীয় সদর দপ্তরে বিজয় দিবস উপলক্ষে জাতীয় ও রেড ক্রিসেন্ট পতাকা উত্তোলন।

ছবি- ০২: বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মহাসচিব মো: ফিরোজ সালাহ উদ্দিন সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করছেন।



বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি BANGLADESH RED CRESCENT SOCIETY



৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা-১২১৭, বাংলাদেশ। ফোনঃ পিএবিএক্স : ৯৩৩০১৮৮-৯, ৮৩১৪৭০১, ৮৩১৯৩৬৬, ৯৩৫০৩৯৯, ফ্যাক্স : ০২-৮৩১১৯০৮ ও ৯৩৫২৩০৩, ই-মেইল: bdracs@bangla.net
684-686, BARA MAGHBAZAR, DHAKA-1217, BANGLADESH. Tel : PABX: 9330188-9, 8314701, 8319366, 9350399, FAX: 02-8311908 & 9352303, E-mail : bdracs@bangla.net



ছবি - ০১



ছবি- ০২